# রোহিঙ্গা সংকট নিরসনে চীন-ভারতের সহযোগিতা চাইলেন জামায়াত আমির




জামায়াতে ইসলামীর আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

রোহিঙ্গা সংকটের স্থায়ী সমাধানে চীন, ভারতসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের কার্যকর উদ্যোগ প্রয়োজন বলে মন্তব্য করেছেন জামায়াতে ইসলামীর আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) বিকেলে সিলেট সার্কিট হাউসে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়ে তিনি বলেন, রোহিঙ্গাদের নিরাপদ ও মর্যাদাপূর্ণভাবে মিয়ানমারে ফিরিয়ে দেওয়াই সংকট সমাধানের পথ। এককভাবে বাংলাদেশের পক্ষে এ সমস্যা সমাধান করা সম্ভব নয়।

শফিকুর রহমান বলেন, এটি শুধু বাংলাদেশ-মিয়ানমারের দ্বিপক্ষীয় বিষয় নয়; আন্তর্জাতিক সংকট হিসেবে এর সমাধানে জাতিসংঘসহ বিভিন্ন দেশের সক্রিয় ভূমিকা দরকার। মিয়ানমারে চলমান সংঘাত ও অস্থিতিশীলতার কারণে প্রত্যাবাসন নিয়েও জটিলতা রয়েছে।

তিনি আরও বলেন, দীর্ঘদিন শিবিরে থাকা রোহিঙ্গাদের নতুন প্রজন্ম শিক্ষা ও কর্মদক্ষতার সুযোগ থেকে বঞ্চিত হচ্ছে। আন্তর্জাতিক সহায়তার পাশাপাশি তাদের প্রশিক্ষণ ও সীমিত জীবিকার সুযোগ তৈরি করা প্রয়োজন।

রোহিঙ্গাদের জন্য জামায়াতের মানবিক সহায়তা অব্যাহত থাকবে বলেও জানান দলটির আমির।

LENS ASIA